Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ
সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রাত লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৫ই ফাল্গুন বুধবার ১৩৬৩ ইংরাজী 27th Feb. 1957 { ৪০শ সংখ্যা




হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

## চা! চা!! চা!!!

দার্জ্জিলিং, আসাম ও ডুয়ার্সের ভাল চা পেতে হ'লে চা-সংসদে আসুন। রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরের

একমাত্র বিশ্বস্ত প্রতিষ্ঠান চা-সংসদ।

চা-সংসদ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

এখানে দি মডার্ণ হোমিও রিসার্চ ইন্‌ষ্টিটিউট কোম্পানী কর্ত্তৃক আবিষ্কৃত যাবতীয় হোমিও ইন্‌জেকশান এবং পেটেণ্ট ঔষধ কোম্পানীর দরে বিক্রয় হয়। ব্যবহারে ফল সুনিশ্চিত। এই মাত্র বাহির হইল ডাঃ সতীশচন্দ্র সরকার মহাশয় কৃত হোমিও ও বাইওকেমিক মতে 'বসন্ত চিকিৎসা" মূল্য মাত্র আট আনা। ডাক্তার শীলের হোমিও ইন্‌জেকশান ও পেটেণ্ট ঔষধ কোম্পানীর দরে বিক্রয় হয়।

হ্যানিম্যান হল
খাগড়া মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৫ই ফাল্গুন বুধবার সন ১৩৬৩ সাল।

## ভোট দিব কা'কে ?

—০—

যে দেশে শতকরা ৮১ জন লোকই নিজেদের নাম স্বাক্ষর করিতে পারে না, সেই দেশে শাসক নির্ব্বাচন হবে ভোটে। যাঁরা ভোটপ্রার্থী হয়েছেন, তাঁদের কাহাকেও চেনে না এমন ভোটদাতাই অধিকাংশ। নিজেকে সব চেয়ে যোগ্যতম প্রার্থী বলে সাধারণের কাছে প্রচার করতে লজ্জা বোধ করে না এমন ভোট ক্যাঙলাই বেশী। এ ক্ষেত্রে সরল-হৃদয় সাধারণ লোকের পক্ষে যোগ্যতম ব্যক্তি বাছাই করার মত বুদ্ধি বেশীর ভাগ ভোটারেরই নাই।

এটা হলো বক্তৃতার দেশ। আজ প্রায় দশ বৎসর দেশ স্বাধীন হ'য়েছে ব'লে শোনা যাচ্ছে, স্বাধীনতার সুখ সুবিধা কেহ কি বুঝিতে পারিতেছেন। ভাল ভাল বিদ্বান্ লোকেও অনুমান করিতে পারেন না কা'কে ভোট দিলে দেশের মঙ্গল হবে। ব্যাকরণ নামক শাস্ত্রে বলে আমি "উত্তম পুরুষ"। সব লোকই নিজেকে "আমি" বলে কাজেই সে উত্তম পুরুষ। এখন সাধারণ লোকের বুদ্ধির অগম্য ভোটপ্রার্থীর মধ্যে যোগ্যতম কে তা নির্ণয় করা কঠিন। যাকে সে ভোট দিবে না সে যদি মেম্বর হ'য়ে যায়, তখন সে তক্তে ব'সে যতটুকু ক্ষমতা জাহির ক'রে ভোট না দেওয়া মানুষের মন্দ করার চেষ্টা করিবে।

এই বিপদ নিবারণের জন্য ইংরাজ সরকার থেকে আরম্ভ ক'রে বর্ত্তমান সরকার পর্য্যন্ত ভোট দিবার নিয়ম এমন তৈরী করেছেন—যে কে কাহাকে ভোট দিল, তা জানিবার উপায় নাই। সুতরাং সাধারণ ছা-পোষা মানুষের উচিত আমাদের দেশের প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলালের মত সবকে খুশী করা। সব ভোট ক্যাঙলাকেই মিষ্টি কথায় তুষ্ট ক'রে খুব সোহাগ ক'রে নিজের যাকে মন তার বাক্সে ভোটের কাগজ ফেলা। তারপর যে জিতে গেল তাকেই ভোট দিয়েছি ব'লে নিজের বিপদ কাটানো। আমাদের দেশে হিন্দী ভাষায় একটা উপদেশ বাক্য আছে—

"ছোটা আদমীকা বড়া পদ হোনেসে উসকো বহুৎ কায়দাসে সেলাম করনা চাহিয়ে।"

যিনি যত বক্তৃতাই করুন না কেন, অন্য দেশে যাই হোক, আমাদের বাংলা দেশে কি হবে কেউ বল্‌তে পারে না। গত সাধারণ নির্ব্বাচনে প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলাল কত বক্তৃতা ক'রে সারা পশ্চিম বাংলা ঘুরে শেষে দেখলেন পশ্চিম বাংলার ৭টি মন্ত্রীই দন্ত বিকাশ ক'রে পপাত ধরণী-তলে। দেখবে খুব লেখাপড়া জানা বিদ্বান্ ফেল হবে আর 'ক' লিখতে কলম ভাঙে এমন মূর্খ আইনসভার মেম্বর হ'য়ে সভা আলো ক'রে বসেছে। তবে এ তামাসা দেখে সকলেই প্রাচীন সংস্কৃত শ্লোকাংশ উপলব্ধি ক'রে হাস্য সম্বরণ করতে পারেনি।

শ্লোকাংশ হচ্ছে—

"শ্বা যদি ক্রিয়তে রাজা
সঃ কিং নাশ্নাত্যুপানহম্"

মানে হলো—কুকুরকে রাজা করিলে সে কি জুতো খাওয়া ছাড়ে ?

সরকার সব মেম্বরকে রেলের প্রথম শ্রেণীর ডবল ভাড়া দিলেও এই মেম্বর থার্ড কেলাসে যাতায়াত করে নিজের প্রবৃত্তি সাধারণের কাছে প্রকাশ করতে কুণ্ঠা বোধ করে না।

সব ভোট ক্যাঙলাকেই যথেষ্ট সোহাগ করতে যেন কেহ ভুল না করেন। কারণ সে যদি মেম্বর হ'য়ে যায়—তার বিশ্বাস কি ?

বছর বিশেক পূর্ব্বে আমাদের জেলায় শ্রীনৃসিংহ বাবু নামে এক দারোগা ছিলেন। ভদ্রলোক খুব সদানন্দ পুরুষ। তাঁর কাছে মাতাবিক সিং নামে এক দেশোয়ালী কনষ্টেবল ছিল। কিছু দিন পরে মাতাবিক সদরে পুলিশ সাহেবের আরদালীর পদ প্রাপ্ত হয়। নৃসিংহ বাবু সদরে পুলিশ সাহেবের বাসায় গেলেই মাতাবিক তাঁহাকে সেলাম করার আগেই তিনিই মাতাবিককে সেলাম দিতেন। পুলিশ সাহেব এই ব্যাপারটি লক্ষ্য ক'রে তাঁকে জিজ্ঞাসা করলেন—"নৃসিংহ বাবু তুমি আমার আরদালীকে ব্যস্ত হ'য়ে আগেই সেলাম কর কেন ? সে তো তোমার কাছে কনষ্টেবল ছিল! নৃসিংহ বাবু সসম্মানে সাহেবকে বল্‌লেন—হুজুর, তা থাকলে কি হবে, এখন মাতাবিক সিং আমার "কন্‌ফিডেন্সাল্ ক্যারাক্টার রোলের" বিধাতা। হুজুর যদি ওর মুখে শোনেন যে আমি ঘুস্‌খোর, মাতাল ইত্যাদি আমার দফা ঠাণ্ডা। কাজেই প্রাণের দায়ে সেলাম করি। সত্য কথা বল্‌তে কি হুজুর, পুলিশ সাহেবের বাড়ীর আয়া-মা লক্ষ্মীর সন্তান সম্ভব দেখলে সেই গর্ভস্থ সন্তানের উদ্দেশ্যে হাত তুলি—কি জানি ঐ গর্ভে আমার কোনও মুনিব আছেন কি না!

কাজেই আজকের ক্যা ফ্যা করা ভোট ক্যাংলা কাল তক্তে ব'সে কোন্ ফ্যাসাদ লাগাবে কি না কে জানে! সবকেই আদর ক'রে ভোট দিবার আগ্রহ দেখিয়ে যাকে দিবার মন তাকেই দিলে কোন বিপদ নাও হ'তে পারে।

সব্‌সে মিলিয়ে সব্‌সে হিলিয়ে
সব্‌কা লিজিয়ে নাম।
হাঁজি হাঁজি কর্‌তে রহিয়ে
বৈঠ্‌কে আপনা ঠাম্।

——

### রঘুনাথগঞ্জে

## ত্রিদিব চৌধুরী

—০—

গত ১৪ই ফাল্গুন মঙ্গলবার বৈকালে বাংলার স্থিরপ্রতিজ্ঞ আপন-ভোলা তরুণ নেতা শ্রীত্রিদিব চৌধুরী মহাশয় রঘুনাথগঞ্জে আগমন করিয়াছিলেন। তাঁহার আগমনের সংবাদ জানিতে পারিয়া দর্শনেচ্ছু নরনারী পথিপার্শ্বে সমবেত হন। রঘুনাথগঞ্জ গাড়ী পারাপারের ঘাট হইতে একটী শোভাযাত্রা বিভিন্ন ধ্বনি দিতে দিতে তাঁহাকে লইয়া বাদ্যসহ সহর প্রদক্ষিণ করে। তাঁহার আগমন উপলক্ষে কয়েকটী

২৪৯ থাং ডিঃ সেবাইত ও স্বয়ং পদ্মকামিনী দেবী দেং ননীগোপাল দাস দিং দাবি ৩৩৷৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সোনাটিকুরী ১০৩ শতকের কাত ৪৶৹ আঃ ১০৲ থং ৫০ রায়ত স্থিতিবান

২৫০ থাং ডিঃ ঐ দেং অচলাবালা দাসী দাবি ৪৭৷৶৩ মৌজাদি ঐ ৫০২ শতকের কাত ৮/০ আঃ ২৫৲ থং ১২৫ ঐ স্বত্ব

১৯৫৭ সালের ডিক্রীজারী

৩ থাং ডিঃ গোপালচন্দ্র মণ্ডল দিং দেং নেজাদ্দী সেথ দাবি ৪১৸৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে জোতকমল ২৩ শতকের কাত ৬৷১৬ গণ্ডা আঃ ১০৲ থং ৮৫৯ কোর্ফা স্বত্ব

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ১৮ই মার্চ্চ ১৯৫৭

১৯৫৬ সালের ডিক্রীজারী

২১১ থাং ডিঃ ভূপেন্দ্রনাথ ভট্টাচার্য্য দিং দেং ভূপতিভূষণ বন্দ্যোপাধ্যায় দাবি ২৩৸/০ থানা সাগরদীঘি মৌজে দক্ষিণগ্রাম ১-১০ শতকের কাত ৩৲ আঃ ১৫৲ থং ১২২

২২০ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলক্ষা দেং জগন্নাথ মণ্ডল দিং দাবি ৬৭৶৩ পাই থানা ঐ মৌজে চণ্ডীগ্রাম রঘুনাথপুর ৪-২৮ শতকের কাত ১৯৷১০ আঃ ৩০৲ থং ৪০৫

২২১ থাং ডিঃ শ্যামাপদ ভট্টাচার্য্য দিং দেং হাজি ইয়াদ হোসেন সেথ দাবি ১৫৸৵০ থানা সাগরদীঘি মৌজে পাউলী ৮১ শতকের কাত ২৵০ আঃ ১৲ থং ২৭২

২২২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৸৶৬ পাই মৌজাদি ঐ ৪১ শতকের কাত ২৵৬ আঃ ১৫৲ থং ২৭৭

২২৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫১৸৵৯ পাই মৌজাদি ঐ ১-১৩২ শতকের কাত ১০৵০ আঃ ৪০৲ থং ২৭০

২২৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫৷৵০ মৌজাদি ঐ ২১ শতকের কাত ১৲ আঃ ১০৲ থং ২৭৪

১২১ থাং ডিঃ রাধারাণী ঘোষ মজুমদার দেং শান্তিময়ী চৌধুরাণী দাবি ১২৮৸৵৩ পাই থানা সাগরদীঘি মৌজে নিপ্পীবিড়ল ৬-৪৯ শতকের কাত ১৬৲ আঃ ৫০৲ থং ১৬২৷২৮৮

২৫৪ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং সাউম সেথ দিং দাবি ৯৮৷৶১ পাই থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ৫-৯৫ শতকের কাত ২৫৷৶১০ আঃ ৬০৲ থং ৪৮৯ রায়ত মোকররী স্বত্ব

২৫৯ থাং ডিঃ ঐ দেং ইয়াসিন সেথ দিং দাবি ৩০৷/৬ পাই মৌজাদি ঐ ৭২ শতকের কাত ৩৷৶৪॥ আঃ ১৫৲ থং ৩৮৬ রায়ত স্থিতিবান স্বত্ব

২৬৩ থাং ডিঃ ঐ দেং আইজাননেসা বিবি দাবি ৪৩৶১০ গণ্ডা মৌজাদি ঐ ১-৭ শতকের কাত ৫৸৶০ আঃ ২০৲ থং ৩৬৫ ঐ স্বত্ব

২৬৭ থাং ডিঃ ঐ দেং তিনকড়ি সুঁ দিং দাবি ৪২॥৵৩ মৌজাদি ঐ ১-৩১ শতকের কাত ৬৲ আঃ ২০৲ থং ৫৩২ ঐ স্বত্ব

২৬৫ থাং ডিঃ ঐ দেং আবদুল হাই সেথ দিং দাবি ২৯/০ মৌজাদি ঐ ৬৬ শতকের কাত ৩৶৩ আঃ ১৫৲ থং ৪৫৭, ৪৫৮ ঐ স্বত্ব

২৬৬ থাং ডিঃ ঐ দেং মরিয়ম বিবি দিং দাবি ৩৫॥৵০ মৌজাদি ঐ ৩-২৯ শতকের কাত ৪॥০ আঃ ১৫৲ থং ৪০২ ঐ স্বত্ব

২৬১ থাং ডিঃ ঐ দেং উপেন্দ্রনারায়ণ সিংহ দাবি ৪১৶৬ পাই থানা ঐ মৌজে চাঁদপুর ১-৯৬ শতকের কাত ৫॥০ আঃ ২০৲ থং ৫৬ ঐ স্বত্ব

১৮২ থাং ডিঃ নরেশচন্দ্র বসু দেং শ্যামাপদ মুখোপাধ্যায় দিং দাবি ২২৭৷৬ পাই থানা সাগরদীঘি মৌজে কাঁচিয়া বিষ্ণুডাঙ্গা ১০০৫ শতকের কাত ৫০৲ আঃ ২০৲ থং ২৭০

১৬২ থাং ডিঃ ভূপেন্দ্রচন্দ্র পাঁড়ে দিং দেং লক্ষ্মীনারায়ণ সিংহ দিং দাবি ২৬॥/০ থানা সমসেরগঞ্জ মৌজে বহড়াগাছি ২॥২৲১১ জমির কাত ২৷/৬ আঃ ১০৲ থং ১৯৯

১৬৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১৷৶৯ পাই মৌজাদি ঐ ৪ ৪৲৮ জমির কাত ১৷৵১১॥ আঃ ১০৲ থং ১৪২

১৬৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৮/৯ পাই মৌজাদি ঐ ৫/১৲৪ জমির কাত ২৷৶২॥ আঃ ৫৲ থং ১৪১

১৬৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০৷৶৯ মৌজাদি ঐ ২৷১ জমির কাত ১৷৩ আঃ ১০৲ থং ৬২

১৬৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৸৩ মৌজাদি ঐ ১৪৲১৩ জমির কাত ॥/১ আঃ ৫৲ থং ১১৩

১৬৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৷৵৯ পাই মৌজাদি ঐ ১৸০৲৩ জমির কাত ॥৵০ আঃ ৫৲ থং ৬৯

১৬৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯॥৵৯ পাই মৌজাদি ঐ ৬/২৲৪ জমির কাত ১/৩ আঃ ৫৲ থং ১৪৩

১৬৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭/৩ পাই মৌজাদি ঐ ৸৩৲১৫ জমির কাত ॥৶০। আঃ ৫৲ থং ৫৭

১৭০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩০৷৯ পাই মৌজাদি ঐ ৩৷০৲১৫ জমির কাত ৩৵০ আঃ ১৫৲ থং ১৮

১৭১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭॥৩ পাই মৌজাদি ঐ ১৷২৲১৬ জমির কাত ॥৵৬ আঃ ৫৲ থং ১৪০

১৭২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৫৸৶৩ পাই মৌজাদি ঐ ৪৷২৲১৮ জমির কাত ৪৷০ আঃ ২৫৲ থং ১৭

১৭৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০॥/৩ পাই মৌজাদি ঐ ২৷২৲১৬ জমির কাত ১৷০ আঃ ১০৲ থং ৪৮

১৭৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭৷৵০ মৌজাদি ঐ ২/৩ জমির কাত ॥৶১ আঃ ৫৲ থং ৯০

১৭৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮॥৵৩ মৌজাদি ঐ ॥২৲২ জমির কাত ৸৶৭॥ আঃ ৫৲ থং ১৬

১৭৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০/৯ পাই মৌজাদি ঐ ৪৷০৲১৬ জমির কাত ১৷/৯॥০ আঃ ১০৲ থং ১৪৮

১৭৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১৶৯ পাই মৌজাদি ঐ ৫॥৩৲১৪ জমির কাত ১৷৶১৬ আঃ ৫৲ থং ৭৪

৭৮ থাং ডিঃ কুমার নৃপেন্দ্রচন্দ্র পাঁড়ে দিং দেং টুনু সেথ দিং দাবি ১৭৷/৬ পাই থানা ফরক্কা মৌজে ফতেপুর ৪২ শতকের কাত ১/০ আঃ ৫৲ থং ৭৭৷৭৫

১৪৩ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং মণীন্দ্রনাথ পাঁড়ে দাবি ২২॥৶৬ পাই থানা ফরক্কা মৌজে কুলী ৮৫ শতকের কাত ১৷/৬ আঃ ১০৲ থং ৮২৮ রায়ত স্থিতিবান স্বত্ব

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

## বন্যেশ্বর মেলা

পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় এবারেও শিবচতুর্দ্দশী উপলক্ষে বন্যেশ্বর শিবমন্দিরে বহুসংখ্যক যাত্রীর সমাগম হইয়াছিল। মেলায় নানাবিধ সামগ্রীর অনেকগুলি দোকান বসিয়াছে। এতদঞ্চলের নর-নারীগণ এই মেলায় আসিয়া তাঁহাদের আবশ্যকীয় জিনিষপত্র ক্রয় করিয়া থাকেন।

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ১১ই মার্চ্চ ১৯৫৭

১৯৫৬ সালের ডিক্রীজারী

৩১৭ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলক্ষা দেং সুকুমার দত্ত দিং দাবি ১৩॥৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে সিমলা ৭ শতকের কাত ॥৵০ আঃ ৫৲ খং ৫৬

৩১৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৩।৵০ মৌজাদি ঐ ১-২২ শতকের কাত ৫॥০ আঃ ১০৲ খং ৫৫

৩২২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৮৵১০ মৌজাদি ঐ ১-১৯ শতকের কাত ৬।৯ আঃ ১৫৲ খং ৫৭

৩২০ থাং ডিঃ ঐ দেং ইন্দুভূষণ সেন দিং দাবি ২৪॥৵১০ থানা ঐ মৌজে বাড়ালা ১-৪৪ শতকের কাত ৪৵০ আঃ ১০৲ খং ১১১

৩২১ থাং ডিঃ ঐ দেং পুষ্পিতারঞ্জন ভট্টাচার্য্য দিং দাবি ৩৪/৪ মৌজাদি ঐ ১-৬৪ শতকের কাত ৮॥/০ আঃ ২০৲ খং ৫০

২৬৫ থাং ডিঃ ভূপেন্দ্রনাথ ভট্টাচার্য্য দিং দেং বিশ্বেশ্বর ঘোষাল দিং দাবি ১৮॥০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাড়ালা ৩৬ শতকের কাত ৶৵৩ আঃ ১০৲ খং ৩৯৮

২৬৭ থাং ডিঃ ঐ দেং অশ্বিনীকুমার রায় দিং দাবি ২২৶/৩ মৌজাদি ঐ ৬৯ শতকের কাত ২।৵৩ আঃ ১৫৲ খং ৫৫৯

২৭২ থাং ডিঃ ঐ দেং সাওকাত আলী সেখ দাবি ২৬॥/৩ মৌজাদি ঐ ৪৫ শতকের কাত ৩৵০ আঃ ১৫৲ খং ৫৬১

২৬৮ থাং ডিঃ ঐ দেং হরিহর ঘোষাল দিং দাবি ২৮৶৶০ থানা ঐ মৌজে মণ্ডলপুর ২৯ শতকের কাত ২/৯ আঃ ৫৲ খং ৩৩১ ; ২নং লাট মৌজাদি ঐ ৩৯ শতকের কাত ৶০ আঃ ৫৲ খং ২৯৮

২৭১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯।৶৩ মৌজাদি ঐ ২৯ শতকের কাত ২/৯ আঃ ১৫৲ খং ৩৩১

২৭০ থাং ডিঃ ঐ দেং লালমোহন মাঝি নাঃ দিং পক্ষে মাতা ও স্বয়ং অম্বুজবাসিনী দাসী দিং দাবি ২৩৵৯ মৌজাদি ঐ ২০ শতকের কাত ১।৶১১ আঃ ১৫৲ খং ৩০৩

২৮১ থাং ডিঃ ষষ্ঠীপদ দত্ত দিং দেং শৈলবালা রায় দাবি ১৪২/১০ থানা রঘুনাথগঞ্জ মৌজে সোনা-টিকরী ১৪-৯৭ শতকের কাত ৪৫৲ আঃ ১৫৲ স্বত্ব রায়ত স্থিতিবান

২৪৫ থাং ডিঃ পূর্ণেন্দুনারায়ণ সিংহ দেং প্রভাস-চন্দ্র সরকার দিং দাবি ২২।৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে ধল ৯৮ শতকের কাত ৪/৬ আঃ ১০৲ খং ২১৪

২৫৪ থাং ডিঃ বিবি আমাতুস সুফিয়া দিং দেং জ্ঞানরঞ্জন দাস দিং দাবি ৬৪৵৬ থানা সুতী মৌজে ফতেউল্লাপুর ১-৩০ শতকের কাত ৩৵১ পাই নিজাংশে ৶৶৯ গণ্ডা আঃ ১০৲ খং ৫৫৯

২৬১ থাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দিং দেং ধীরেন ঘোষ দাবি ২৭।৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে গণকর চক্ ১-১২ শতকের কাত ৬৵৩ পাই আঃ ১০০৲ খং ৪৫ রায়ত স্থিতিবান

৪৯ মনি ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং ঠাকুরদাস মাল দিং দাবি ৬৬/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাহেবনগর ২-৩৫ শতকের কাত ৬॥/০ আঃ ১০০৲ খং ৬৫ রায়ত স্থিতিবান

২২১ থাং ডিঃ নটবর দাস দিং দেং মানুয়ার আলী মোল্লা দিং দাবি ১৮৭।৩ পাই থানা রঘুনাথগঞ্জ মৌজে উমরপুর ২-১৫ শতকের কাত ৬॥০ আঃ ২৫৲ খং ১৬২ ; ২নং লাট মৌজাদি ঐ ৫-৩৫ শতকের কাত ১৬॥০ আঃ ৬০৲ খং ২১২

২০০ থাং ডিঃ অর্দ্ধেন্দুশেখর নাথ দিং দেং দনুজ-দলনী দাসী দাবি ১৫॥০/৬ থানা সুতী মৌজে ফতেউল্লাপুর ১-১৬ শতকের কাত ॥৵১৭॥ আঃ ৫৲ খং ৮৫ স্থিতিবান স্বত্ব

২০১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫৶৶৩ মৌজাদি ঐ ২-৩০ শতকের কাত ২।৶৪। আঃ ৫৲ খং ১০০

২০২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩।০ মৌজাদি ঐ ২/৩৶ জমির কাত ॥৶৬৶ আঃ ৫৲ স্থিতিবান স্বত্ব

২১১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৶৯ মৌজাদি ঐ ॥০ কাঠার কাত ।৵১৭॥ আঃ ২৲

২৮৯ থাং ডিঃ তারাপদ রায় দেং কেদারনাথ সরকার দিং দাবি ১৩৶/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামপুরা ১-৬৪ শতকের কাত ৪॥৶৭ আঃ ৫০৲ খং ৯১

২৯০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫॥১০॥ পাই মৌজাদি ঐ ১০ শতকের কাত ।৵১ পাই আঃ ১০৲ খং ৯২

২৯১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪॥৵৪॥ মৌজাদি ঐ ৫২ শতকের কাত ১।৬ পাই আঃ ২৫৲ খং ৯৩

৩২৯ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং গৌরীশঙ্কর তেওয়ারী দিং দাবি ২১৪৶৩ থানা সুতী মৌজে বসন্তপুর ১৭-৫৭ শতকের কাত ৪৫৵৯ আঃ ১০০৲ খং ১৪৪ রায়ত স্থিতিবান স্বত্ব

৩৩২ থাং ডিঃ ঐ দেং সামসুদ্দিন মোমিন দিং দাবি ২০৪॥৵০ মৌজাদি ঐ ১৩-৪৫ শতকের কাত ৩৭।০ আঃ ১০০৲ খং ৪৫ ঐ স্বত্ব

৩১০ থাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং কেনারাম রায় ওরফে কানাইলাল রায় দিং দাবি ৩২।৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে দোনলীয়া ২-৯৭ শতকের কাত ৬৶৶৯ পাই আঃ ১০৲ খং ৭৬ রায়ত স্থিতিবান স্বত্ব

৩১৪ থাং ডিঃ ঐ দেং মনোরঞ্জন রায় দাবি ১৯৵০ থানা ঐ মৌজে সাহাজাদপুর ৫০ শতকের কাত ২/১ পাই আঃ ১০৲ খং ৭৭ ঐ স্বত্ব

৩২৪ থাং ডিঃ ঐ দেং কানাইলাল কাল্লা দাবি ২৪।/০ মৌজাদি ঐ ১-৭ শতকের কাত ৩।/৯ পাই আঃ ১০৲ খং ১৬২ ঐ স্বত্ব

৩১২ থাং ডিঃ ঐ দেং সেবাইত মধুবনবিহারী পাঁড়ে দাবি ১২।৵৩ মৌজাদি ঐ ১৭ শতকের কাত বৃদ্ধিসহ ।৶১০ পাই আঃ ৫৲ খং ১৮৪ ঐ স্বত্ব

৩১৩ থাং ডিঃ ঐ দেং সৌদামিনী দাসী দাবি ১৩।৶০ থানা ঐ মৌজে জোতসুন্দর ৩৩ শতকের কাত ৶৵৬ পাই আঃ ৫৲ খং ৯৮ ঐ স্বত্ব

৩১৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১॥/০ মৌজাদি ঐ ১-৫১ শতকের কাত ৪/৮ পাই আঃ ১০৲ খং ৯৬ ঐ স্বত্ব

৩২৩ থাং ডিঃ ঐ দেং যদুপতি দাস দিং দাবি ২৩৶৶৬ থানা ঐ মৌজে খোদরামপুর ৫৬ শতকের কাত ৪॥৶০ আঃ ১০৲ খং ১৫৪ ঐ স্বত্ব

৩৩৯ থাং ডিঃ ঐ দেং ধরমচাঁদ সেরাওগী দিং দাবি ৩৮৮ পাই থানা ঐ মৌজে নওদাটুলী ২-৮৫ শতকের কাত বৃদ্ধিসহ ৮৵৬ আঃ ১৫৲ খং ৬ ঐ স্বত্ব

৩৪০ থাং ডিঃ ঐ দেং ভবানীবালা দেবী দিং দাবি ১২৫।০ থানা ঐ মৌজে সাহাজাদপুর, বড়-শিমুল ১০-৯৭ শতকের কাত ৩৯৵৭ পাই আঃ ৪৫৲ খং ২৪৯, ৪৯৯ ঐ স্বত্ব

তোরণ নির্ম্মিত হইয়াছিল। মহিলাগণ শঙ্খধ্বনিসহ পুষ্প বর্ষণ করেন। তিনিও জীপ গাড়ীতে দণ্ডায়মান থাকিয়া করজোড়ে সকলকে অভিবাদন করেন। রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্কে কবিরাজ শ্রীরামকুমার সেন মহাশয়ের সভাপতিত্বে এক সম্বর্দ্ধনা সভার অধিবেশন হয়। সভারম্ভে বৃষ্টি হইলেও জনগণ ধীরভাবে অপেক্ষা করেন। সভাক্ষেত্রে তাঁহাকে মাল্যভূষিত করা হয়। শ্রীবরুণ রায় একটী মানপত্র পাঠ করেন। তাঁহাকে ১০১, টাকার একটী তোড়া দেওয়া হয়। ঐ টাকা তিনি গোয়া বন্দীদের পরিবারগণের সাহায্যকল্পে ব্যয় করিবেন বলেন। চৌধুরী মহাশয় তাঁহার বক্তৃতায় গোয়ার কারাগারে সত্যাগ্রহীদের উপর অমানুষিক অত্যাচারের ও লাঞ্ছনার কথা উল্লেখ করেন।

---

## প্রকাশ্য দিবালোকে হাওড়ায় দুঃসাহসিক ডাকাতি

গত ১৩ই ফাল্গুন সোমবার হাওড়ায় জি, টি, রোড ও মহাত্মা গান্ধী রোডের জনবহুল সংযোগ স্থলের নিকট এক ভয়াবহ ডাকাতি হইয়া গিয়াছে। প্রকাশ, ৪।৫ জন দুর্ব্বৃত্ত একটি ব্যাঙ্কের সম্মুখে জনৈক ডাইলের কলের খাজাঞ্চিকে লক্ষ্য করিয়া পর পর কয়েকটি বোমা নিক্ষেপ করে এবং উক্ত ব্যক্তির নিকট হইতে ১৪২০০, টাকা লইয়া চম্পট দেয়।

---

## মহারাজা শ্রীশচন্দ্র নন্দীর স্মৃতিসভা

মহারাজা মণীন্দ্র মেমোরিয়াল ক্লাবের উদ্যোগে ৩০২, আপার সার্কুলার রোডে গত ৯ই ফাল্গুন সন্ধ্যায় স্বর্গীয় মহারাজা শ্রীশচন্দ্র নন্দী মহোদয়ের পঞ্চম বার্ষিক স্মৃতিসভা অনুষ্ঠিত হয়। ক্লাবের সভ্যবৃন্দ ব্যতীত সহরের বিশিষ্ট ব্যক্তি ইহাতে যোগদান করেন।

---

## পৃথিবীর আর একটি উপগ্রহ

আগামী জুলাই মাসের মধ্যভাগ হইতে রাত্রিতে ভারতের আকাশে নূতন উপগ্রহ দেখা যাইবে। মানুষের গড়া এই নকল উপগ্রহের গতিবিধি নিরীক্ষণ করিবেন ভারতের তিনজন বিজ্ঞানী। আন্তর্জাতিক ভূপ্রকৃতি বিজ্ঞান বৎসরের কর্ম্মসূচী অনুযায়ী এই ব্যবস্থা করা হইয়াছে। পরীক্ষাকার্য্য পরবর্ত্তী বৎসরের ডিসেম্বর মাস পর্য্যন্ত চলিবে।

---

## পরলোকে তারকদাস বন্দ্যোপাধ্যায়

গত ২৬শে ফেব্রুয়ারী সকালে নদীয়া জেলা কংগ্রেসের সভাপতি, পশ্চিমবঙ্গ বিধান পরিষদের সদস্য শ্রীতারকদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় শান্তিপুর যাইবার পথে ফুলিয়ার নিকটে জীপ গাড়ী উল্টাইয়া মারা গিয়াছেন। দেশের সেবাই তাঁহার জীবনের ব্রত ছিল। তাঁহার মৃত্যুতে সমগ্র নদীয়া জেলার অপূরণীয় ক্ষতি হইল।

---

## পরলোকে কবি সুনির্ম্মল বসু

গত ১৩ই ফাল্গুন সোমবার বাংলার সাহিত্যাকাশ হইতে আকস্মিকভাবে সুপরিচিত শিশু-সাহিত্যিক ও সুকবি সুনির্ম্মল বসু অপসৃত হইলেন। তাঁহার এই পরলোকগমনে সারা বাঙ্গলা দেশে বিশেষ করিয়া কিশোর-কিশোরীর মনে এক পরম আত্মীয়ের বিয়োগ-ব্যথার শোক গভীরভাবে রেখাপাত করিবে। বাঙ্গলা দেশের অন্যতম শ্রেষ্ঠ শিশু-সাহিত্যিক হিসাবে সুনির্ম্মল বসু বহুদিন পূর্ব্বেই স্বীয় আসন লাভ করিয়াছিলেন। তাঁহার মৃত্যুতে বাঙ্গলা দেশের কবিকুল হইতে সত্যই একজন সার্থকনামা কবির অভাব চিরদিনের জন্য রহিয়া গেল। এই অভাব অপূরণীয়। মৃত্যুকালে তিনি স্ত্রী, পাঁচ পুত্র ও দুই কন্যা রাখিয়া গিয়াছেন। আমরা কবির মৃত্যুতে তাঁহার পরিবারবর্গকে সমবেদনা জ্ঞাপন করিতেছি।

---

# পরলোকে পঙ্কজকুমার

—০—

গত ৮ই ফাল্গুন বুধবার ভোর রাত্রে রঘুনাথগঞ্জ সহরের অনতিদূরবর্ত্তী দফরপুর গ্রামের সঙ্গতিপন্ন দয়ালু জমিদার শ্রীপঙ্কজকুমার দাস মহাশয় চিকিৎসা করাইতে মিহিজামে গিয়া সেখানে পরলোকগমন করিয়াছেন। ৯ই ফাল্গুন বৃহস্পতিবার দ্বিপ্রহরে তারযোগে এই হৃদয়বিদারক সংবাদ পাইয়া তাঁহার ভাগিনেয় ডাঃ শম্ভুনাথ সরকার মহাশয় মিহিজাম গমন করেন এবং ১০ই ফাল্গুন শুক্রবার মোটরযোগে তাঁহার শবদেহ দফরপুরে লইয়া আসিয়া যথারীতি অন্ত্যেষ্টি ক্রিয়া সম্পন্ন করেন। দফরপুর ও পার্শ্ববর্ত্তী গ্রামের বহু শোকাকুল নরনারী তাঁহার শবানুগমন করিয়া শ্রদ্ধা নিবেদন করেন এবং দাহকার্য্য শেষ না হওয়া পর্য্যন্ত অনেকে শ্মশানে অপেক্ষা করেন।

মৃত্যুকালে তাঁহার বয়স ৫৬ বৎসর হইয়াছিল। তিনি নিঃসন্তান ছিলেন। তাঁহার শোকাতুরা বৃদ্ধা মাতাকে একমাত্র পুত্রের অকাল মৃত্যুতে সান্ত্বনা দিবার ভাষা খুঁজিয়া পাওয়া যায় না। তিনি দুই সহধর্ম্মিণী, এক ভগ্নী, তিন ভাগিনেয়, চারি ভাগিনেয়ী ও বহু আত্মীয়স্বজন রাখিয়া গিয়াছেন।

তিনি তাঁহার পিতৃদেবের স্মৃতিরক্ষার্থে মির্জ্জাপুর দ্বিজপদ উচ্চ বিদ্যালয়, দফরপুর দ্বিজপদ দাতব্য চিকিৎসালয় স্থাপন করেন। নূতনগঞ্জ পঙ্কজকুমার জুনিয়র হাই স্কুল, রাজারামপুর উচ্চ বিদ্যালয়, রঘুনাথগঞ্জ দেশবন্ধু পাঠাগারের একটি কক্ষ, রঘুনাথগঞ্জ শ্মশানে শ্রীশ্রীকালীমাতার মন্দির নির্ম্মাণ প্রভৃতি জনহিতকর কার্য্যে তিনি মুক্তহস্তে অর্থ ব্যয় করিয়াছেন।

ডাহাপাড়ায় জগদ্বন্ধু সুন্দরের আশ্রমের সেবাকার্য্যের জন্য তিনি ২৮ বিঘা ভাল জমি দান করেন এবং বহু টাকা ব্যয়ে সুদৃশ্য নাটমন্দির নির্ম্মাণ করিয়া দেন।

অনেকগুলি গরীব ছাত্র তাঁহার বাড়ীতে থাইয়া স্থানীয় স্কুল কলেজে অধ্যয়ন করে। পঙ্কজ বাবুর স্বভাব সুলভ মধুর ব্যবহারে সকলেই সন্তুষ্ট হইতেন। অতিথি অভ্যাগত ও প্রার্থিগণকে কখনও তিনি নিরাশ করেন নাই। ১৩৪৫ সালের বন্যায় বন্যাপীড়িত জনগণকে তিনি অকাতরে চাউল বিতরণ করেন। ১৩৫০ সালের দুর্ভিক্ষের সময়ও তিনি বহু ক্ষুধার্ত্ত ব্যক্তিকে অনেক দিন ধরিয়া পরিতৃপ্ত সহকারে ভোজন করাইয়াছিলেন।

আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিবারবর্গের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগত আত্মার চির শান্তি কামনা করিতেছি।

---



"সুখের পানে চাহিনু যবে সুখে
বাজিল বুকে সুখের মত ব্যথা।
মেঘের মত গুচ্ছ কেশরাশি
শিখান ঢাকি পড়েছে ভারে ভারে"

সকল সময়ে, সব ঋতুতে
জবাকুসুম আপনার কেশ-সৌন্দর্য
বৃদ্ধি করতে নিশ্চয়ই সাহায্য
করবে।

জবাকুসুম
কেশ তৈল

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, ৩৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা-১২
১১৭, আর্মেনিআন ষ্ট্রীট, মাদ্রাজ-১

CKJ.3BE.58



## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন"   টেলিফোন : বড়বাজার ৪১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেশিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।
এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত